

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর  
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০২.০৮.০১৩.১৯-

৫৫৫২

তারিখ: ২৯/০২/২০২১  
০৪/০৫/২০২১

বিষয়: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত (১) লিডার (২) ফায়ারফাইটার (৩) ডুবুরি ও (৪) নার্সিং এ্যাটেনডেন্ট পদের উচ্চতর গ্রেড প্রাপ্যতা সংক্রান্ত।

সূত্র : ক) অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং অর্থ/অবি/বাস্ত-৩/বেঃবৈঃ(স্বরাষ্ট্র-০/২০০৩) তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০০৭।  
খ) অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০৪.১৩-৭৯, তারিখ: ১০ জুন ২০২১।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে সর্বিনয় জানানো যাচ্ছে যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত, লিডার, ফায়ারফাইটার, ডুবুরি, ও নার্সিং এ্যাটেনডেন্ট পদসমূহের বেতন গ্রেড ১৮ হতে অন্যান্য বাহিনীর ন্যায় (বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ বর্ডার গার্ড, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, কারা অধিদপ্তর ইত্যাদি) সমমানের পদসমূহ ১৭ গ্রেডে সমতায়ন করা হয়। উক্ত আদেশে সমতায়ন করা হলেও উন্নীত বেতন গ্রেড উল্লেখ করা হয়। ফায়ারফাইটার, ডুবুরি, ও নার্সিং এ্যাটেনডেন্ট পদসমূহে কর্মরত কর্মচারীবৃন্দ নব নিয়োগের সময় অন্যান্য বাহিনীর ন্যায় ন্যায্যতা অনুযায়ী ১৭ গ্রেডে বেতনভাতা পাওয়ার দাবিদার ছিল। পরবর্তীতে বিষয়টি আমলে নিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় সম্মতি প্রকাশ করে অন্যান্য বাহিনীর (বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ বর্ডার গার্ড, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, কারা অধিদপ্তর) কনস্টেবল/সৈনিক/সিপাহী/সমমান পদের বেতনস্কেলে সমতায়ন করে উন্নীত স্কেল প্রদান করে।

২। সমতায়ন বা উন্নীত স্কেল প্রদান করার তারিখ থেকে কার্যকর হওয়ায় নবনিয়োগের তারিখ হতে বকেয়া প্রাপ্য হননি। “জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর স্পষ্টিকরণ গ(৩) একই পদে কর্মরত কোন কর্মচারী কোন প্রকার উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) না পাইয়া থাকিলে সন্তোষজনক চাকরির শর্তে তিনি ১০(দশ) বৎসর চাকরি পূর্তিতে ১১তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড এবং পরবর্তী ৬ বছরে পদোন্নতি না পাইলে ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবে।”

৩। বিবেচ্য বিষয় নিম্ন গ্রেডে (১৮তম) বেতন বৈষম্যের কারণে উন্নীত গ্রেডে (১৭তম) সমতায়ন হলেও একই পদে কর্মরত থাকায় উচ্চতর গ্রেড প্রাপ্তির ক্ষেত্রে নবনিয়োগের তারিখ হতেই ১০(দশ) বৎসর চাকরি পূর্তিতে ১১তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড কার্যকর হবে। কিন্তু একই পদে কর্মরত ১০ বছর পূর্তির ক্ষেত্রে নবনিয়োগের তারিখের পরিবর্তে অন্যান্য বাহিনীর সাথে বৈষম্য দূরীকরণের তারিখ থেকে ১০ বছর নির্ধারনের বিষয়টি কতিপয় হিসাবরক্ষণ অফিস হতে অবহিত করা হচ্ছে।

৪। এমতাবস্থায়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত (১) লিডার (২) ফায়ারফাইটার (৩) ডুবুরি ও (৪) নার্সিং এ্যাটেনডেন্ট পদের বেতনগ্রেড অন্যান্য বাহিনীর ন্যায় (বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ বর্ডার গার্ড, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, কারা অধিদপ্তর ইত্যাদি) সমতায়নের মাধ্যমে গ্রেড পরিবর্তন হলেও একই পদে কর্মরত থাকায় সংশ্লিষ্ট পদে নিয়োগের তারিখ থেকে উচ্চতর গ্রেড প্রদানের কর্মকাল হিসেবে প্রযোজ্য হবে। এতদবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: যথাবর্ণিত।

  
০৪/০৫/২০২১  
মোঃ শহীদ আতাহার হোসেন  
পরিচালক (প্রশাসন ও অর্থ)

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন,  
সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

বিতরণ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ..... (সকল)

৩। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।